দুর্গাপুরে শ্রমিক কল্যাণ ফেডারেশনে দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক-রাজশাহীর দুর্গাপুরে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন দুর্গাপুর শাখার আয়োজনে দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

২৮ ডিসেম্বর (শনিবার) বিকেল ৩টায় দুর্গাপুর ফাজিল মাদ্রাসা মাঠে দ্বি-বার্ষিক সম্মেলন
অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন দুর্গাপুর শাখার সভাপতি মোঃ আমজাদ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন রাজশাহী জেলা সাধারণ সম্পাদক
মাওলানা শফিকুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন রাজশাহী জেলার সহ- সাধারণ সম্পাদক, আব্দুল্লাহ আল মামুন,বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন দুর্গাপুর শাখার সেক্রেটারি সাইদুর রহমান শামীম, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনে দুর্গাপুর শাখার উপদেষ্টা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী দুর্গাপুর শাখার সেক্রেটারি মোঃ শামিম উদ্দিন, বাংলাদেশ জামায়াতে ইসলামী দুর্গাপুর শাখার শুরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা রফিকুল ইসলাম, বাংলাদেশ জামায়াতে ইসলামী পৌর সদর ওয়ার্ড সভাপতি অধ্যাপক খায়রুল বারি তুহিন সহ উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী বৃন্দ। উক্ত সভায় বক্তারা, ইসলামী শ্রমনীতি বাস্তবায়নের মাধ্যমে শ্রমিকদের ন্যায্য অধিকার নিশ্চিত করার কথা বলেন।